গাংনীতে চোরা চালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা চোরাচালান ও আইন শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টার সময় উপজেলা প্রশাসনের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন আয়োজিত ও নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক,

গাংনী থানার ভার প্রপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: সোহেল আহম্মেদ, তেতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলম প্রমুখ।

এ সময় জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,

রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম, সন্ধানী স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাবিবুর রহমান সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ব্যবসায়ী সাংবাদিক গণ উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত

গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় গতকাল সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্বরে।
উপজেলা প্রশাসনের আয়োজনে “জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি” এই শ্লোগানকে সামনে রেখে গাংনীতে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত মেলায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান রাশেদুল হক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “ছেলে-মেয়েদের বিজ্ঞান ভীতি দূর করে তাদেরকে দক্ষ হিসেবে গড়ে তোলাই হচ্ছে একজন আদর্শ শিক্ষকের দায়িত্ব এবং এ ব্যাপারে সর্ব প্রথমে শিক্ষকের পাশাপাশি অভিভাবকদের সহযোগিতা অত্যন্ত জরুরী।”

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী মহিলা ডিগ্রী কলেজের ভাইস প্রিন্সিপাল নাসিরুদ্দীন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, মনিরজ্জামান আতু।

উপস্থিত সকল বক্তারাই বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির জন্য সকলের সচেতনতার উপর গুরুত্ব আরোপ করেন এবং বিজ্ঞান ভীতি কাটিয়ে প্রযুক্তির ব্যবহার করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান।

বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত মেলায় উপস্থিত থেকে মেলাকে প্রাণবন্ত করে তোলেন। দুই দিন ব্যাপী উক্ত মেলায় ১৮ টি বিদ্যালয় তাদের বিজ্ঞান ও প্রযুক্তির সরঞ্জামাদী তৈরী করে সবার সামনে প্রদর্শন করে।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমীক সুপার ভাইজার এম এ আল - মাছুম।

বক্তব্য শেষে অতিথিগণ বিভিন্ন স্টল ঘুরে ঘুরে পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তির সকল আবিস্কার দেখে মুগ্ধ হন।

মেপ্র / আরপি

মুজিবনগরে মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই শুরু

মেহেরপুরের মুজিবনগরে আবেদনকৃত সকল মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই শুরু হয়েছে। সোমবার সকাল থেকে মুজিবনগর উপজেলা পরিষদ সভাকক্ষে যাচাই-বাছাই কার্যক্রম শুরু করা হয়েছে।

প্রথম দিনে দারিয়াপুর ইউনিয়নের মোট ২৪ জনের সকল কাগজপত্র ও সরাসরি সাক্ষাতকার নেওয়া হয়েছে।

সকলের সাক্ষাতকার নেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

পর্যায়ক্রমে উপজেলার ৪টি ইউনিয়নে আবেদনকৃত মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই চলবে।

মেপ্র / আরপি

হরিণাকুণ্ডুতে আইন শৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, নারী ও শিশু নির্যাতন বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গত সোমবার হরিণাকুণ্ডু উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, ভুমি কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, হরিনাকুন্ডু থানা অফিসার ইনচার্জ আছাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, শহিদুল ইসলাম (শিলু), কৃষি অফিসার আরশেদ আলী চৌধুরী, সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খাঁন, উপজেলা পঃপঃ কর্মকর্তা ডা. জামিনুর রশিদ সহ বিভিন্ন দপ্তর প্রধান, ফলসী ইউপি চেয়ারম্যার ফজলুর রহমান সহ বিভিন্ন ইউপি চেয়ারম্যান বৃন্দ, প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু প্রমুখ।

অনুষ্ঠানে আলোচকবৃন্দ বলেন, সমাজ থেকে মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহের বিরুদ্ধে একাত্বকতা ঘোষণা করেন এবং উপস্থিত সকলে এমন অপরাধ কে না বলি এই মর্মে অঙ্গীকার করেন।

মেপ্র/ আরপি

সাড়ে ৩ বছরের শিশু রাজাকারের তালিকায়!

ঝিনাইদহের কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ২০১৯

সালের ১৫ ডিসেম্বর রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাসহ ৭ ব্যক্তির নাম অন্তর্ভূক্ত করার প্রতিবাদে সংবাদ সম্মেলন করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলার সাফদারপুরে মরহুম মোহাম্মদ আলী খানের বাসভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে স্বজনরা দাবী করেছেন, রাজাকারের তালিকায় আসা মোহাম্মদ আলী খান ও আব্দুর রশিদ খান মুক্তিযোদ্ধা ছিলেন। তাঁরা ৭১ সালে ৮ নম্বর সেক্টরের মেজর এম.এ.মঞ্জুর ও মেজর ওসমানের অধিনে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে অংশগ্রহণ করেছেন। নিয়েছেন ভারতে প্রশিক্ষণ।

সংবাদ সম্মেলনে আপন চাচাতো দু’ভাই সাফদাপুর বাজারের মৃত কোবাদ আলী খাঁনের ছেলে মরহুম মোহাম্মদ আলী খান ও মৃত গোলাম রহমান খাঁনের ছেলে আব্দুর রশিদ খাঁনের স্বজন ফিরোজা আলম, হামিদ খাঁন, হীরন খাঁন, এস কে ফয়েজ আহাম্মেদ রিয়ন, সিহাব উদ্দিন, মোহাম্মদ খালেদুজ্জামান, আবুল কালাম আজাদসহ তালিকায় আসা আরো ৫ ব্যক্তিসহ তাদের পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

তালিকায় আসা বাকী ৫ জন হলেন- সাফদারপুর বাজার পাড়া এলাকার আক্কাচ আলী মন্ডল, আবুল হোসেন খোকন, সিরাজুল ইসলাম, মোহাম্মদ আলী ও সাফদারপুরের পার্শ্ববর্তী দোড়া ইউনিয়নের সুয়াদী গ্রামের সুলতান মোল্যা। আবুল হোসেন খোকন নামে সাড়ে ৩ বছরের এক শিশুকেও রাজাকারের তালিকায় আনা হয়েছে। ২০১৪ সালে করা পাসপোর্টে আবুল হোসেন খোকনের জন্ম তারিখ ১০ জুলাই ১৯৬৮। সে হিসাবে যুদ্ধকালীন সময়ে তার বয়স ছিল ৩ বছর ৫ মাস ২১ দিন। যার পাসপোর্ট নং- ইই০৪৩৮৬০০. তারিখ ১৬ই জুন ২০১৪।
তালিকায় আনা মোহাম্মদ আলী মিয়ার রয়েছে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের দেয়া সাময়িক সনদপত্র। এ সনদে তাকে মুক্তিযোদ্ধা হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে। তালিকায় আসা আক্কাচ আলী মন্ডল ৯৬ সালে প্রথমবার আওয়ামীলীগ রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর স্বপ্রণোদিত হয়ে সাফদারপুরে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠার জন্য ৫ শতক জমি দান করেন। যার বর্তমান মূল্য কমপক্ষে ১৫ লক্ষ টাকা। বেনু মিয়া নামে এক বীর মুক্তিযোদ্ধাকেও এ তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি ২০১৭ সালে মৃত্যু বরণের পর তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

এমনকি যথানিয়মে তার পরিবার রাষ্ট্র প্রদত্ত ভাতাসহ যাবতীয় সুবিধাদি ভোগ করছেন।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোহাম্মদ আলী খান ও

আব্দুর রশিদ খানের ভাগ্নে এস.কে ফয়েজ আহম্মেদ রিয়ন। লিখিত বক্তব্যে বলা হয় মোহাম্মদ আলী খান স্বাধীনতার পর বিপুল ভোট পেয়ে চেয়ারম্যান নির্বাচিত হন। তাছাড়া যুদ্ধকালীন সময়ে তিনি বৃহত্তর ১নং সাফদারপুর ওয়ার্ডের মেম্বর ছিলেন। যুদ্ধের সময় নিজ বাড়িতে মুক্তিযোদ্ধাদের রাত যাপনসহ সহায়তা দেওয়ার অভিযোগে হানাদার বাহিনী তাকে গ্রেফতার করে।

পরে বৃদ্ধ মায়ের আকুতিতে তাকে ছেড়ে দেওয়া হয়। স্বজনদের দাবী সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করতে উদ্দেশ্য প্রণোদিতভাবে একটি মহল রাজাকারের তালিকায় দু’ভাইকে অন্তর্ভূক্ত করা হয়েছে। যা আমাদের পরিবারকে হতাশা ও উদ্বেগের মধ্যে ফেলেছে। আমরা অনিয়ন্ত্রিত ও অশুদ্ধ তালিকা থেকে দু’ভাইসহ ৭ জনের নাম প্রত্যাহারের জন্য জোর দাবী জানাচ্ছি।
প্রসঙ্গত: মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত রাজাকারের তালিকায় কোটচাঁদপুর উপজেলায় ৪৬ জনের নাম এসেছে। এর মধ্যে সাফদারপুর ইউনিয়নেই ২২ জন।

ঝিনাইদহে পর্ণগ্রাফী মামলার বাদী মুক্তিযোদ্ধা পরিবারকে হয়রানি করার অভিযোগ

ঝিনাইদহে গৃহবধু কু-প্রস্তাবে রাজী না হওয়ায় তার নগ্ন ছবি ছড়ানোর অভিযোগে মামলা করায় মুক্তিযোদ্ধা পরিবারকে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে আসামীর স্বজনদের বিরুদ্ধে।

সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করে ভুক্তভোগী গৃহবধু। এসময় তিনি অভিযোগ করেন, ২০১৮ সালে শৈলকুপা উপজেলার চরধলহরাচন্দ্র গ্রামের মৃত ইয়াকুব মন্ডলের ছেলের সাথে বিয়ে হয় একই গ্রামের রাবেয়া আক্তারের।

বিয়ের পর স্বামী সিঙ্গাপুরে পাড়ী জমান। এরপর থেকেই রাবেয়া আক্তারের ভাসুরের ছেলে ইউনুস তাকে কু-প্রস্তাব দিয়ে আসছিল।

কুপ্রস্তাবে রাজী না হওয়ায় ইউনুস তার নগ্ন ছবি বানিয়ে গ্রামে প্রচার করতে থাকে। বিষয়টি স্থানীয় চেয়ারম্যানে কাছে জানালেও তারা কোন সুরাহা করতে পারেনি। ভুক্তভোগী বাদী হয়ে শৈলকুপা থানায় পর্ণগ্রাফী নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করে। বর্তমানে মামলার আসামী জেল -হাজতে রয়েছে।

এরপর থেকেই বাদী ও তার পরিবারকে নির্যাতন শুরু করে আসামীর স্বজনরা। বাদী ও তার চাচার বিরুদ্ধে ধর্ষণ চেষ্টা , চুরি -ডাকাতিসহ ৩ টি মামলা দিয়ে প্রতিনিয়ত হয়রানি করে আসছে। সংবাদ সম্মেলন থেকে নির্যাতিতা ও তার পরিবার এর সুষ্ঠু বিচার দাবী করেন।

সংবাদ সম্মেলনে স্থানীয় মুক্তিযোদ্ধা তোয়াজ উদ্দিন , আব্দুল বারিক , শরিফুল ইসলাম , আবু দাউদ , লুৎফর রহমান , আব্দুল কুদ্দুস , সিদ্দিকুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মেপ্র /আরজেএম

আরো পড়ুন - এসএসসি পাসে ৮৬ জনকে চাকরি দিচ্ছে বিআরটিসি

ঝিনাইদহে প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফল পুন : মুল্যায়নের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০১৯ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফলে জালিয়াতিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও খাতা পুন : মুল্যায়নের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে এ কর্মসূচী পালন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা অংশ নেয়।

এসময় তারা অভিযোগ করেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার খাতা উপজেলার মহেশপুরে পাঠানো হয়েছে যা ফাঁস হয়েছিল। এতে অসাধু শিক্ষকরা শিক্ষার্থীদের কম নাম্বার দিয়েছে।
এসময় তারা খাতা পুন: মুল্যায়নের দাবী জানান। পরে শিক্ষার্থীরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট তাদের দাবী জানান।

মেপ্র /আরজেএম

মেহেরপুরে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে দুই দিন ব্যাপী ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে উপজেলা পরিষদ চত্বরে এ মলোর উদ্বোধন করেন স্থানীয় সরকার বিভাগের উপ -পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম।

সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মাসুদুল আলমের সভাপতিত্বে ‘জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বিজ্ঞান ও প্রযুক্তি“শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, ভাইস চেয়ারম্যান মমিনুল ইসলাম, লতিফন নেছা লতা, উপজেলা শিক্ষা অফিসার বিনয় কুমার চাকী, কৃষি কর্মকর্তা নাসরিন পারভীন, একাডেমিক সুপারভাইজার আনোয়ার হোসেন প্রমূখ। পরে অতিথিবৃন্দ মেলার বিভিন্ন ষ্টল পরিদর্শন করেন।

মেপ্র /আরএম

আরো পড়ুন –সংবাদ প্রকাশের পর বকেয়া বিদ্যুৎ বিলের কিছু টাকা পরিশোধ করলেন ইউএনও

মাদক ব্যবসার সাথে জড়িয়েছে নারী ও যুবকরাও (২য় পর্ব)

মেহেরপুরে মাদকের সাথে জড়িয়ে পড়েছে নারীসহ যুবকরা। মাদক সেবনসহ ব্যবসায়ী হিসেবেও শোনা যাচ্ছে এদের নাম। অব্যাহত অভিযান , আটক, জেল, জরিমানা কোন কিছুতেই যেন কমছেনা মাদকের বেপরোয়তা।

গতকাল এক বিজ্ঞপ্তিতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, ভারত, মিয়ানমার থেকে মাদকের চালান বন্ধে সরকারকে বেগ পেতে হচ্ছে। কেন বেগ পেতে হচ্ছে , তাহলে কি মাদক নিয়ন্ত্রণে প্রশাসন ব্যর্থ হচ্ছে। এমন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে সুধিজনের মধ্যে।

পুলিশের দাবি মেহেরপুরে মাদক এখন নিয়ন্ত্রণে। কিন্তু বাস্তবতা বলছে অন্য কিছু। গতকাল রবিবার সকালেও মেহেরপুরের গাংনী উপজেলা বালিয়াঘাট থেকে হাড়াভাঙ্গা গ্রামের মজিবর রহমানের ছেলে ও সেন্টার পাড়ার রুহুল আমিনের ছেলে মিন্টু মিয়া নামের দুইজনকে ৪২৬ বোতল ফেন্সিডিলসহ আটক করেছে গাংনী পুলিশ এবং বিকালে সদর উপজেলার বুড়িপোতা থেকে বাজিতপুর বিজিবি ক্যাম্পের সদস্যরা ২০ বোতল ফেন্সিডিলসহ কুশলি বেগম নামের এক মাদক ব্যবসায়ী আটক করেছে।

মাদকের সাথে জড়িতরা প্রায় আটক হচ্ছে , জেল খাটছেন আবার জামিনে

মুক্তু হয়ে মাদক ব্যবসায় জড়িয়ে পড়ছেন।

গত ৬ জানুয়ারী মেহেরপুর প্রতিদিন প্রত্রিকায় “মাদকের অভয়ারণ্য তেঁতুলবাড়িয়ার বিভিন্ন সীমান্ত” শিরোনামে ১ম পর্ব প্রকাশিত হয়। যেখানে ১৯ জন মাদক ব্যবসায়ীর নাম প্রকাশ হয়।

২য় পর্বের অনুসন্ধানিতেও উঠে এসেছে আরও ১০ জনের নাম। এর মধ্যে আছে বেশির ভাগ নারী ও যুবকের নাম। এদের বয়স ২৫ থেকে ৩৫ এর মধ্যে। ফলে সামাজিক অবক্ষয়ের অন্যতম কারণ এই যুবকদের কারণে। জীবনের মূল্যবান সময়টা কারো না কারো প্ররোচনায় অথবা অধিক ইনকামের আশায় তারা মাদকে জড়িয়ে পড়ছেন।

গাংনী উপজেলার মোহাম্মদপুর গ্রামের ইউনুস মোল্লার ছেলে সুজন। এর বিরুদ্ধে মাদকসহ ৪টি মামলা রয়েছে। ধরণ পাল্টিয়ে মাদকের রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছেন। করমদী গ্রামের আমির কসাই এর ছেলে সাহারুল। এর বিরুদ্ধে ২টি মাদক মামলা আছে। ২০১৮ ও ১৯ সালে সে মাদক চোরা চালানের সময় ধরা খায়। এ নিয়ে সে জেলও খাটে। তারপরও সে মাদক ব্যবসা ছাড়তে পারিনি।

করমদী গ্রামের মৃত আব্দুল কুদ্দস এর ছেলে মাগরিব। এর নামে মাদক সহ ৮টি মামলা আছে। বর্তমানে তিনি মাদক মামলায় ২ বছরের সাজা পেয়ে জেল খাটছেন। করমদি গ্রামের শরিফুল ও সপ্না। এরা দুইজন স্বামী- স্ত্রী। শরিফুল পুলিশের ভয়ে সৌদি প্রবাসী হলেও। সপ্না এলাকায় থেকে ব্যবসা চালিয়ে যাচ্ছেন। করমদি গ্রামের শওকত আলীর ছেলে আরিফুল হক। ২০০৮ সালে আরিফুলের নামে একটি মাদক মামলা হয়।

মোহাম্মদপুর গ্রামের শহিদুল এর ছেলে মুক্তাদির আহমেদ কাজল। ২০১৫ সালে তার নামে একটি মাদক মামলা হয়। বর্তমানে বিভিন্ন কায়দায় মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে। সহড়াতলা গ্রামের মজিদ এর ছেলে ফিরোজ। বিশেষ ক্ষমতা আইন মামলার আসামী। ফেন্সিডিলসহ বিভিন্ন মাদক ব্যবসার সাথে জড়িত।

তেঁতুলবাড়িয়ার কামদেবপুর গ্রামের সুলতান মাহমুদ এর ছেলে গোলাম রব্বানী। ২০০৫ সালে একটি এবং ২০১৯ সালে তার বিরুদ্ধে আরো একটি মাদকের মামলা হয়।

এছাড়াও ১ম পর্বে প্রকাশিত মাদক ব্যবসায়ীর তালিকায় সহড়াতলার মনিরুল ফকির এর স্ত্রী রাহিমা। এলাকার মাদক সম্রাজ্ঞী হিসেবে পরিচিত। তার নিয়ন্ত্রনে আছে বেশ কয়েকজন ছোটখাট ব্যবসায়ী।

মাদকের বর্তমান পরিস্থিতির বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান মেহেরপুর প্রতিদিনকে বলেন, গাংনীর মাদক ব্যবসা এখন অনেকটা নিয়ন্ত্রণে। চলমান অভিযানে মাদক এখন দুষ্প্রাপ্য। আপনারা জানেন ইতিমধ্যে আমরা বেশ কয়েকটা সফল অভিডান পরিচালনা করেছি। একটা সময় ছিল যখন গাংনী থেকে নামি দামি বাইকে চড়ে সীমান্ত এলাকায় গিয়ে মাদক সেবন করতো এলাকার তরুণ জেনারেশন। কিন্তু এ দৃশ্য আর চোখে দেখা যায় না। আমরা আশা করছি অল্প দিনেই গাংনী কে মাদক মুক্ত উপজেলা ঘোষনা করা হবে।

মেহেরপুর জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক শাহজালাল খান বলেন, মাদক নিয়ন্ত্রণে আমরা সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছি। বছরের শুরুতেই আমরা দুইজন মাদক ব্যবসায়ীকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জেল দিতে সক্ষম হয়েছি। আমাদের চলমান অভিযান অব্যাহত থাকবে। (চলবে)

মেপ্র/ইএম

সংবাদ প্রকাশের পর বকেয়া বিদ্যুৎ বিলের কিছু টাকা পরিশোধ করলেন ইউএনও

মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর পল্লী বিদ্যুৎ বকেয়া বিলের দুই মাসের বিদ্যুৎ বিল পরিশোধ করলেন উপজেলা নির্বাহি অফিসার।

মেহেরপুর গাংনী উপজেলা জোনাল অফিস পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের ডিজিএম নিরাপদ দাস দুই মাসের বিল পরিশোধ করেছে বলে জানিয়েছেন।

নিরাপদ আরো জানান গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলা পরিষদ থেকে২০১৯ সালের নভেম্বর-ডিসেম্বরের বিল বাবদ ২২ হাজার একটি চেক গ্রহণ করেন।

উল্লেখ্য, গতকাল রবিবারে দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার

শিরোনামে উপজেলা গাংনী উপজেলা নিবার্হী অফিসারের কার্যালয় ও গাংনী পৌরসভার ৩০ লাখ টাকা বিদ্যুৎ বিল বকেয়া সংক্রান্ত একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আসলে তিনি বিল পরিশোধের উদ্যোগ গ্রহণ করেন।

মেপ্র/এমইএম